ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৩২
বিলোনীয়া, ৫ আগস্ট, ২০২৫

**বিলোনীয়ায় তিরঙ্গা র‍্যালি ও তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত**

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ জেলা প্রশাসনের উদ্যোগে এবং শিক্ষা দপ্তর ও বিলোনীয়া ওরিয়েন্টাল ক্লাবের সহযোগিতায় বিলোনীয়াতে তিরঙ্গা র‍্যালি ও তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। জেলাশাসক কার্যালয়ের সামনে থেকে র‍্যালি শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে বিকেআই গ্রাউন্ডে গিয়ে শেষ হয়। এই র‍্যালি ও যাত্রার সূচনা করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফ্রু মগ, সমাজসেবী দীপায়ন চৌধুরী সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা এবং তিরঙ্গা যাত্রায় অংশগ্রহণ করেন ওরিয়েন্টাল ক্লাবের প্রায় ১০০ বাইক আরোহী।

*****